

ভোগান্তি কমাতে সব বিশ্ববিদ্যালয়কে গুচ্ছভুক্ত করার উদ্যোগ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০১:০০, ৩ অক্টোবর ২০২৫



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ছবি: সংগৃহীত

২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক ভর্তি পরীক্ষাকে সামনে রেখে সব বিশ্ববিদ্যালয়কে গুচ্ছভুক্ত করার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজ জানিয়েছেন, শিক্ষার্থীদের ভোগান্তি কমাতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে।

গত বছর ১৯টি বিশ্ববিদ্যালয় গুচ্ছ ভর্তি প্রক্রিয়ায় অংশ নিয়েছিল। তার আগের বছর অংশ নিয়েছিল ২৪টি বিশ্ববিদ্যালয়। তবে পাঁচটি বিশ্ববিদ্যালয় সরে গিয়ে আলাদা ভর্তি পরীক্ষা নেয়। এবার আবারও অধিকাংশ বিশ্ববিদ্যালয় গুচ্ছভিত্তিক ভর্তি প্রক্রিয়ায় যোগ দিতে পারে বলে আশা প্রকাশ করেছেন ইউজিসি চেয়ারম্যান।

ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজ বলেন, ‘ভর্তি পরীক্ষা নিয়ে চ্যালেঞ্জ আসবেই। চ্যালেঞ্জ সবাই মিলে মোকাবিলা করে সামনে এগিয়ে যেতে হবে। বিষয়টি নিয়ে কিছুটা কাজ হয়েছে। যিনি আহবায়ক (কনভেনার) আছেন, তিনি গুচ্ছ পরীক্ষার মধ্য দিয়ে এগিয়ে যাবেন। সব বিশ্ববিদ্যালয় ও ইউজিসি মিলে পরিস্থিতি মোকাবিলা করব।’

তিনি বলেন, ‘আরও বেশি বিশ্ববিদ্যালয় আনার উদ্দেশ্যই হচ্ছে, ছাত্রদের দিকে তাকানো। এক জায়গা থেকে আরেক জায়গায় যেতে তাদের ভোগান্তি হচ্ছে। এটা কমানোর জন্য আমরা বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে কথা বলেছি। জগন্নাথের বিষয়টি বুঝতে পারছি অন্যরকম, তবে আমাদের কথাবার্তা অব্যাহত আছে।’

ভর্তি পরীক্ষা সংক্রান্ত মিটিং কবে হবে জানতে চাইলে তিনি বলেন, ‘এ সংক্রান্ত কমিটি আছে। তারা জানে, এটি কোন সময়ে করতে হবে। তাদের যোগাযোগ আছে আমাদের সঙ্গে।’ নওগা ও বগুড়ার মতো নতুন বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ‘এটা নিয়েও আমরা অগ্রসর হচ্ছি। হয়তো তাদের দুটো করে সাবজেক্ট থাকবে। প্রয়োজন হলে অবশ্যই তারা গুচ্ছে আসবে।’

এদিকে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি জানিয়েছে, চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল অক্টোবরের মাঝামাঝি সময়ে প্রকাশ করা হবে। এরপর থেকেই বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি কার্যক্রম শুরু হওয়ার কথা।

শিক্ষা বোর্ড সূত্র জানিয়েছে, উত্তরপত্র দেখার কাজ শেষের পথে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার আশা প্রকাশ করেছেন, ১৯ অক্টোবরের মধ্যেই ফলাফল প্রকাশ করা সম্ভব হবে।

তবে যদি ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বুয়েট ও মেডিকেলের মতো শীর্ষ বিশ্ববিদ্যালয় ফেব্রুয়ারির আগেই আলাদা ভর্তি পরীক্ষা নেয়, তবে গুচ্ছভিত্তিক ভর্তি কার্যক্রম সময় সংকটে পড়বে। সেক্ষেত্রে জাতীয় নির্বাচন ও রমজানের পর ভর্তি কার্যক্রম পিছিয়ে যেতে পারে বলে ধারণা করা হচ্ছে।

মুমু ২